



Tele: 041-774348, PABX: 041-769471 Ext.-141, e-mail: chiefengr@kuet.ac.bd, fax: +880-41-774236

স্মারক নং-খুপ্রবি/ প্রকৌঃ/ ২২/২০২১

তারিখঃ ০২/১১/২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন একাডেমিক, প্রশাসনিক ও আবাসিক ভবনের বিভিন্ন স্থানে বিদ্যমান সুইচবোর্ড, মাল্টি-কন্ট্রোল সুইচসহ অন্যান্য বৈদ্যুতিক ফিটিংসের অবস্থান পরিবর্তনের জন্য প্রায়শই বৈদ্যুতিক রিকুইজিশন ফর্মের মাধ্যমে আবেদন করা হচ্ছে। পরবর্তীতে ঐ কাজের জন্য সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ ব্যক্তিগত ভাবে যোগাযোগ করছেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক, প্রশাসনিক ও আবাসিক ভবনসমূহের বৈদ্যুতিক কাজ একটি সুনির্দিষ্ট ড্রয়িং, ডিজাইন অনুসরণ করে সম্পন্ন করা হয়ে থাকে। এক্ষেত্রে নিজ নিজ পছন্দ অনুযায়ী বিদ্যমান সুইচবোর্ড, মাল্টি-কন্ট্রোল সুইচসহ অন্যান্য বৈদ্যুতিক ফিটিংসের অবস্থান পরিবর্তন করা হলে ঐ ভবনের মূল ড্রয়িং, ডিজাইনের অসংগতি হবে যা কোনভাবেই কাম্য নয়। এজন্য সংশ্লিষ্ট সকলকে এই মর্মে অবগত করা যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক, প্রশাসনিক ও আবাসিক আবাসিক ভবনসমূহের বিদ্যমান সুইচবোর্ড, মাল্টি-কন্ট্রোল সুইচসহ অন্যান্য বৈদ্যুতিক ফিটিংসের অবস্থান ঠিক রেখে ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো। বিশ্ববিদ্যালয়ের বৈদ্যুতিক ব্যবস্থাপনার শৃঙ্খলা রক্ষার স্বার্থে বিজ্ঞপ্তি প্রদান করা হলো।

০২/১১/২০২১

(প্রকৌশলী এ, বি, এম, মামুনুর রশিদ, পিইঞ্জ)

প্রধান প্রকৌশলী

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা- ৯২০৩।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তিটি তাঁর ইনস্টিটিউটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তিটি তাঁর বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। হলের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৬। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর /শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তিটি তাঁর দপ্তর/ শাখায় সকল কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৮। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৯। আবাসিক ভবন/ ফ্ল্যাট/ ডরমিটরীতে বসবাসকারী সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। পি এস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। ভাইস-চ্যান্সেলর মহোদয়কে অবহিত করণের অনুরোধসহ।
- ১১। সংরক্ষণ নথি।

(প্রকৌশলী সবুজ সরকার)

নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩